কালের কণ্ঠ

তারিখ 13 APR 2015
পৃষ্ঠা ১৩ কলাম ৫

# শিক্ষামন্ত্রীকে হত্যার হুমকি, থানায় জিডি

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে মোবাইল ফোনে এসএমএস পাঠিয়ে হত্যার হুমকি দেওয়া হয়েছে। তবে কে বা কারা এই হুমকি দিয়েছে তা নিশ্চিত হওয়া যায়নি। এ বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে রাজধানীর রমনা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের উপপ্রধান তথ্য কর্মকর্তা সুবোধ চন্দ্র ঢালী কালের কণ্ঠকে এ তথ্য জানান।

সুবোধ ঢালী বলেন, 'কয়েক দিন আগে মোবাইল ফোনে মন্ত্রীকে হত্যার এ হুমকি দেওয়া হয়েছে। হুমকির পর গত বৃহস্পতিবার রাজধানীর রমনা থানায় একটি জিডি করা হয়।' এসএমএসে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, অবৈধভাবে পরীক্ষার খাতায় নম্বর বাড়িয়ে দেওয়াসহ কয়েকটি অভিযোগ করা হয়েছে। এ জন্য মেধাবী না হয়েও অনেক ভুয়া চিকিৎসক তৈরি হচ্ছে। তাদের ভুল চিকিৎসায় মানুষ মারা যাচ্ছে। এ কারণে শিক্ষামন্ত্রীকে যেখানে পাওয়া যাবে সেখানেই হত্যা করা হবে। একই সঙ্গে মন্ত্রীর স্ত্রী ও সন্তানদের ওপরও হামলার হুমকি দেওয়া হয়েছে এসএমএসে।

সম্প্রতি রাজধানীর একটি হাসপাতালে চোখের ছানি অপারেশনের পর বর্তমানে শিক্ষামন্ত্রী তাঁর হেয়ার রোডের সরকারি বাসভবনে অবস্থান করছেন।